

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়

নাটোর।

[www.food.natore.gov.bd](http://www.food.natore.gov.bd)



এতদ্বারা নাটোর জেলার খাদ্যশস্য ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অবৈধ মজুতদারীর মাধ্যমে কৃত্রিম সংকট সৃষ্টি করে যাতে পণ্যমূল্য বৃদ্ধি না করা হয় সে জন্য নিয়মিত বাজার মনিটরিং করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। The Control of Essential Commodities Act, 1956. এর আওতায় খাদ্যশস্য (ধান, চাল, গম ও গম জাত দ্রব্য, তেল, চিনি, ডাল) ব্যবসায়ীদের মজুতের পরিমাণ ও মেয়াদ নির্ধারণ করা হয়েছে। অনুমোদিত পরিমাণের অধিক পরিমাণ খাদ্যশস্য নির্ধারিত মেয়াদের অধিক সময় অবৈধভাবে মজুতকারীগণের (রাইসমিলার/পাইকারী/খুচরা ব্যবসায়ী) বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

অননুমোদিত খাদ্যশস্য মজুতকারীগণের কোন তথ্য জানা থাকলে জনস্বার্থে নিম্নস্বাক্ষরকারীকে জানানোর জন্য সর্বস্তরের জনসাধারণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ- তথ্য সরবরাহকারীর পরিচয় গোপন রাখা হবে।

(মোঃ হারুন-অর-রশিদ)

জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

নাটোর।

ই-মেইলঃ [dcf.ntr@dgfood.gov.bd](mailto:dcf.ntr@dgfood.gov.bd)

ফোন নং- ০৭৭১-৬২৬০৮

মোবাইল নম্বর- ০১৬১৪-৭১৮৮১৭